গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৩৪.২২- তারিখঃ /০৯/২০২২ খ্রিঃ

## অফিস আদেশ

যেহেতু, শাহনাজ সিদ্দিকী, পিতা-মোঃ বাদশা মিয়া, সিনিয়র স্টাফ নার্স, ইউনিক আইডি নং ১০৬০৭২০১০১২০৫০, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুড়িগ্রাম-কে কুড়িগ্রাম থানার মামলা নং ২৮/২০২২, তারিখ- ১৭/০৩/২০২২ খ্রিঃ, জিআর মামলা নং ১১৭/২০২২, তারিখ- ১৭/০৩/২০২২ খ্রিঃ এবং CS নং ১৭৫, তারিখ- ২২/০৫/২০২২ খ্রিঃ মূলে গত ২০/০৬/২০২২ খ্রিঃ তারিখ বিজ্ঞ আমলি আদালত কর্তৃক জামিন নামঞ্জুর হয়ে জেল হাজতে প্রেরিত হয়েছেন।

২। যেহেতু, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুড়িগ্রামের সরকারি ওষুধ চুরিতে জড়িত থাকার অপরাধে দায়েরকৃত মামলায় (দন্ডবিধি, ১৮৬০ এর ৩৮০ ধারা) বিজ্ঞ আদালত কর্তৃক অভিযুক্তের জামিন না মঞ্জুর পূর্বক গত ২০/০৬/২০২২ খ্রিঃ তারিখ জেল হাজতে প্রেরণের আদেশ প্রদান করা হয় এবং অভিযুক্ত নার্সিং কর্মকর্তা গত ২০/০৬/২০২২ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি জেল হাজতে আছেন।

৩। সেহেতু, শাহনাজ সিদ্দিকী, পিতা-মোঃ বাদশা মিয়া, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুড়িগ্রাম-কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪১ ও বিএসআর পার্ট-১ এর বিধি ৭৩ (নোট-২) মোতাবেক জেল হাজতে প্রেরণের তারিখ ২০/০৬/২০২২ খ্রিঃ হতে সাময়িক বরখাস্ত (Suspend) করা হলো। তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ অভিযুক্তের স্থানীয় কর্তৃপক্ষের ০৪/০৬/২০২২ খ্রিঃ তারিখের জেনাঃ হাসঃ/কুড়ি/২২/৫৪৪ নং স্মারক পত্র এবং বেঞ্চ সহকারী, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুড়িগ্রাম এর ২৭/০৬/২০২২ খ্রিঃ তারিখের পত্র মোতাবেক জারি করা হলো।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল- info@ dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৩৪.২২-৬২৯/১(১০) তারিখঃ০৬/০৯/২০২২ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুড়িগ্রাম।
৫। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুড়িগ্রাম।
৬। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৭। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, কুড়িগ্রাম।
৮। নার্সিং সুপারভাইজার, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুড়িগ্রাম।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১০। শাহনাজ সিদ্দিকী, পিতা-মোঃ বাদশা মিয়া, সিনিয়র স্টাফ নার্স, ইউনিক আইডি নং ১০৬০৭২০১০১২০৫০ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুড়িগ্রাম।

০৬/৯/22
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)